মানব সেবা সঞ্চয় ও ঋণদান সমবায় সমিতি লিঃ
রেজিঃ ৪৭৯/১১
তাং..............
শিমুলিয়া, মানিকগঞ্জ

# মানব সেবা সঞ্চয় ও ঋণদান সমবায় সমিতি লিঃ

*গভঃ রেজি নং-৪৭৯ (সংশোধিত-০০০৪), তাং- ০২/১১/২০১১, মানিকগঞ্জ*

শিমুলিয়া, দড়গ্রাম, সাটুরিয়া, মানিকগঞ্জ

তারিখঃ ১৯/০৮/২০২১ ইং

## বিশেষ সাধারণ সভা ও নির্বাচনের নোটিশ

এতদ্বারা মানব সেবা সঞ্চয় ও ঋণদান সমবায় সমিতি লিঃ এর সম্মানিত সদস্যদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, গত ০৫/০৮/২০২১ ইং তারিখে ব্যবস্থাপনা কমিটির সিদ্ধান্ত মোতাবেক ব্যবস্থাপনা কমিটির নির্বাচন আগামী ২৮/১০/২০২১ ইং রোজ বৃহস্পতিবার সকাল ১০ টা হইতে দুপুর ০২ ঘটিকা পর্যন্ত বিরতিহীন ভাবে সমিতির কার্যালয়ে সাধারণ সভা ও নির্বাচন অনুষ্ঠিত হবে। উক্ত নির্বাচনে ব্যবস্থাপনা কমিটির ১ জন সভাপতি, ১ জন সহ-সভাপতি, ১ জন সম্পাদক, ১ জন যুগ্ন-সম্পাদক, ১ জন কোষাধ্যক্ষ ও ১ জন সদস্যসহ সর্বমোট ৬ (ছয়) পদে সমিতির সদস্যদের সরাসরি ভোটের মাধ্যমে নির্বাচন অনুষ্ঠিত হবে। উক্ত নির্বাচনে সকল সদস্যকে অংশ গ্রহণ করার জন্য অনুরোধ করা হলো। সমিতির আদায়কৃত শেয়ার মূলধন ৫০,০০০.০০ (পঞ্চাশ হাজার) টাকার উর্দ্ধে।

কাজেই উক্ত বিশেষ সাধারণ সভা/নির্বাচনে অংশ গ্রহণ করতঃ ভোট প্রদাণের জন্য এবং বিশেষ সাধারণ সভা নির্বাচনী কাজে সহযোগিতা করার জন্য সকলকে অনুরোধ করা হলো।

**আলোচ্য সূচী ঃ**

১। ব্যবস্থাপনা কমিটির নির্বাচন অনুষ্ঠান।

সংযুক্ত ঃ খসড়া ভোটার লিষ্ট ঃ ৬৯ পাতা।

সভাপতি / সম্পাদক
ব্যবস্থাপনা কমিটি
মানব সেবা সঞ্চয় ও ঋণদান সমবায় সমিতি লিঃ

**সদয় অবগতির ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি দেয়া হইল ঃ**

১। জনাব--------------------------------------সদস্য নং----------------------মানব সেবা সঞ্চয় ও ঋণদান সমবায় সমিতি লিঃ।
২। সভাপতি, ব্যবস্থাপনা কমিটি, মানব সেবা সঞ্চয় ও ঋণদান সমবায় সমিতি লিঃ।
৩। থানা সমবায় অফিসার, সাটুরিয়া, মানিকগঞ্জ।
৪। জেলা সমবায় অফিসার, মানিকগঞ্জ।
৫। নোটিশ বোর্ড ।

সংযুক্তি-০২

মানব সেবা সঞ্চয় ও ঋণদান সমবায় সমিতি লিঃ
গভঃ রেজি নং-৪৭৯ (সংশোধিত-০০০৪), তাং- ০২/১১/২০১১, মানিকগঞ্জ
শিমুলিয়া, দড়গ্রাম, সাটুরিয়া, মানিকগঞ্জ

সূত্র ঃকা.ক.নি-০৪
ইং

তারিখঃ ১২/০৯/২০২১

মানব সেবা সঞ্চয় ও ঋণদান সমবায় সমিতি লিঃ শিমুলিয়া,দড়গ্রাম, সাটুরিয়া, মানিকগঞ্জ এর সম্মানিত সদস্যগণের অবগতির জন্য জানানো যাইতেছে যে, সমিতির ব্যবস্থাপনা কমিটির ০৯/০৯/২০২১ ইং তারিখে সভায় সিদ্ধান্ত মোতাবেক আগামী ২৮/১০/২০২১ ইং তারিখে রোজ বৃহস্পতিবার সকাল ১০ঃ০০ ঘটিকা হইতে বিরতিহীন ভাবে দুপুর ০২ঃ০০ ঘটিকা পর্যন্ত সমিতির কার্যালয়ে সমিতির ব্যবস্থাপনা কমিটির নির্বাচন অনুষ্ঠিত হবে। উক্ত নির্বাচনে ০১ (এক) জন সভাপতি, ০১ (এক) জন সহ-সভাপতি, ০১ (এক) জন সম্পাদক, ০১ (এক) জন যুগ্ম-সম্পাদক, ০১ (এক) জন কোষাধ্যক্ষ ও ০১ (এক) জন ব্যবস্থাপনা কমিটির সদস্য সহ ০৬ (ছয়) টি পদে সাধারণ সদস্যদের সরাসরি ভোটে নির্বাচন অনুষ্ঠিত হবে।

সমিতির নির্বাচন পরিচলনা করার জন্য গঠিত নির্বাচন কমিটির ০৯/০৯/২০২১ ইং তারিখে অনুষ্ঠিত সভায় সর্ব সম্মতিক্রমে সমবায় বিধিমালা ২০০৪ এর ২৭(১) ও ২৭(২) বিধি মোতাবেক নিম্ন বর্ণিত নির্বাচনী তফসিল ঘোষণা করা হইল।

## নির্বাচনী তফসিল-২০২১

| ক্র নং | বিবরণ | তারিখ | সময় | স্থান |
|---|---|---|---|---|
| ০১ | মনোনয়নপত্র বিতরণ | ১৬/০৯/২১ | সকাল ১১টা হইতে বিকাল ০৫ টা পর্যন্ত | সমিতির কার্যালয় |
| ০২ | মনোনয়নপত্র জমা গ্রহণ | ২১/০৯/২১ | সকাল ১১টা হইতে বিকাল ০৫ টা পর্যন্ত | সমিতির কার্যালয় |
| ০৩ | মনোনয়নপত্র বাছাই (প্রার্থীদের উপস্থিতিতে যদি কেহ উপস্থিত থাকে) | ২৩/০৯/২১ | সকাল ১১টা হতে দুপুর ২ টা পর্যন্ত | সমিতির কার্যালয় |
| ০৪ | মনোনয়নপত্র বাছাই এর পর বৈধ প্রার্থীদের প্রাথমিক খসড়া তালিকা প্রকাশ | ২৫/০৯/২১ | বাছাইয়ের পর | সমিতির কার্যালয় নোটিশ বোর্ড |
| ০৫ | মনোনয়নপত্র বাতিলের বিরুদ্ধে আপীল আবেদন গ্রহণ | ২৭/০৯/২১-২৮/০৯/২১ | সকাল ১০টা হতে বিকাল ০৫টা | জেলা সমবায় কার্যালয়, মানিকগঞ্জ |
| ০৬ | আপীলের শুনানী গ্রহণ ৩ দিন বাড়াতে হবে. | ২৯/০৯/২১ - ৩০/০৯/২১ | আপীল কর্তপক্ষ কর্তৃক নিধারিত সময় | ঐ |
| ০৭ | আপীলের ফলাফল ঘোষণা | ০৪/১০/২১ | আপীলের শুনানীর পর | ঐ |
| ০৮ | বৈধ প্রার্থীর চুড়ান্ত তালিকা প্রকাশ | ০৭/১০/২১ | বিকাল ০৪ ঘটিকায় | সমিতির নোটিশ বোর্ড |
| ০৯ | মনোনয়নপত্র প্রত্যাহারের শেষ তারিখ লিখিত আবেদনের মাধ্যমে | ১০/১০/২১ | দুপুর ০২টা হইতে বিকাল ০৪টা পর্যন্ত | সমিতির কার্যালয়ে |
| ১০ | বৈধ প্রার্থীদের মধ্যে প্রতীক বরাদ্দ | ১৪/১০/২১ | বিকাল ০৫ টা | সমিতির কার্যালয় নোটিশ বোর্ড |
| ১১ | বিনা প্রতিদ্বন্ধীতায় নির্বাচিত প্রার্থীদের তালিকা প্রকাশ (প্রযোজ্য ক্ষেত্রে) | ২০/১০/২১ | বিকাল ২ ঘটিকা হতে | ঐ |
| ১২ | ভোট গ্রহণ | ২৮/১০২১ | সকাল ১০ টা হইতে দুপুর ০২টা পর্যন্ত | ঐ |
| ১৩ | ভোট গণনা | ২৮/১০/২১ | ভোট গ্রহনের পর | ঐ |
| ১৪ | ফলাফল ঘোষণা | ২৮/১০/২১ | ভোট গণনার পর | ঐ |

## নির্বাচন কমিটি কতৃক নিধারিত প্রতীক সমূহ :

| ক্রমিক নং | পদের নাম | প্রতীক সমূহ |
|---|---|---|
| ০১ | সভাপতি পদের জন্য | চেয়ার, ছাতা, টেবিল ও বই |
| ০২ | সহ-সভাপতি পদের জন্য | মোমবাতি, চাকা, আম ও মই |
| ০৩ | সম্পাদক পদের জন্য | বাই সাইকেল, বালতি, দোয়াত কলম, ও মাছ |
| ০৪ | যুগ্ম-সম্পাদক পদের জন্য | গোলাপ ফুল, সেলিং ফ্যান, হাতি ও মোরগ |
| ০৫ | কোষাধ্যক্ষ পদের জন্য | রেডিও, খেজুর গাছ, ফুটবল, তালাচাবি, ও কলস |
| ০৬ | সদস্য পদের জন্য | ডাব, হারিকেন, হাঁস, হাতপাখা, কাপ পিরিচ, গাভী, বটগাছ, উড়োজাহাজ, ময়ূর, [illegible] |

## জ্ঞাতব্য বিষয় ঃ-

১. মনোয়ন পত্রের সাথে প্রার্থীর ১ (এক) কপি পাসপোর্ট সাইজ ছবি সংযুক্ত করতে হবে। ছবি সমিতির সভাপতি/সম্পাদক কর্তৃক সত্যায়িত এবং জেলা সমবায় অফিসার মানিকগঞ্জ/উপজেলা সমবায় অফিসার, সাটুরিয়া কর্তৃক প্রতি স্বাক্ষরিত হতে হবে।

২. নির্বাচন কমিটি কর্তৃক নির্ধারিত মনোয়ন ফরম যথাযথ ভাবে পূরণ করতঃ সমিতির সভাপতি/সম্পাদক কর্তৃক সত্যায়িত এবং জেলা সমবায় অফিসার মানিকগঞ্জ/উপজেলা সমবায় অফিসার, সাটুরিয়া কর্তৃক প্রতি স্বাক্ষরিত হতে হবে।

৩. ভোটাধিকার প্রয়োগের ক্ষেত্রে সমবায় সমিতি আইন ২০০১/২০১৩ এর ৩৭ ধারা এবং সমবায় বিধিমালা ২০০৪ এর ৮৮ বিধি অনুসরন করতে হবে।

৪. নির্বাচনে প্রতিদ্বন্দ্বী প্রার্থীগণ সমবায় সমিতির আইন ২০০১/২০১৩ ইং এর ১৯ ধারা ও সমবায় সমিতির বিধিমালা ২০০৪ এর ২৪ বিধি অনুযায়ী প্রতিদ্বন্দ্বীতা করার জন্য যোগ্য হতে হবে।

৫. মনোয়ন পত্রের ফি সমিতিতে রশিদের মাধ্যমে জমা করতে হবে।

৬. অসম্পূর্ণ বা ত্রুটিপূর্ণ কিংবা ভুল তথ্য সম্বলিত মনোয়ন পত্র বাতিল বলে গণ্য হবে।

৭. একই পদে একাধিক প্রার্থী না থাকলে সমবায় সমিতির বিধিমালা ২০০৪ এর (৩২) ধারা বিধান মতে বিনা প্রতিদ্বন্দ্বীতায় নির্বাচিত ঘোষনা করা হবে।

৮. প্রতিদ্বন্দ্বি প্রার্থীর সংখ্যা একাধিক হলে অতিরিক্ত প্রতীক বরাদ্দ করা হবে।

৯. চুড়ান্ত প্রার্থী নির্বাচন হওয়ার পর প্রতীক বরাদ্দ করা হবে। একই প্রতীক একাধিক প্রার্থী দাবী করলে নির্বাচন কমিটি কর্তৃক লটারীর মাধ্যমে প্রতীক বরাদ্দ করা হবে।

১০. নির্বাচন পরিচালনার ক্ষেত্রে নির্বাচন কমিটির সিদ্ধান্তই চুড়ান্ত বলে গন্য হবে।

১১. নির্বাচন বিষয়ে জেলা ম্যাজিস্ট্রেট/পুলিশ কমিশনার থেকে অনুমতি আনার জন্য সমিতির ব্যবস্থাপনা কমিটিকে অনুরোধ করা হলো।

জনাব মনোয়ার হোসেন
সদস্য-নির্বাচন কমিটি
মানব সেবা সঞ্চয় ও ঋণদান সমবায় সমিতি লিঃ
সমিতি লিঃ

KAMINI
মিসেস কামিনী
সদস্য-নির্বাচন কমিটি
মানব সেবা সঞ্চয় ও ঋণদান সমবায় সমিতি লিঃ

A. Karim
জনাব আব্দুল করিম
সভাপতি-নির্বাচন কমিটি
মানব সেবা সঞ্চয় ও ঋণদান সমবায়

**সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুলিপি দেওয়া হলো ঃ-**

১. জনাব ..................................সদস্য নং .................,মানব সেবা সঞ্চয় ও ঋণদান সমবায় সমিতি লিঃ।

২. সভাপতি ব্যাবস্থাপনা কমিটি, মানব সেবা সঞ্চয় ও ঋণদান সমবায় সমিতি লিঃ। আপনাকে ব্যাপক ভাবে নির্বাচনের তফসিল সরবরাহ করার জন্য বিশেষ ভাবে অনুরোধ করা হলো।

৩. উপজেলা সমবায় অফিসার, সাটুরিয়া, মানিকগঞ্জ।

৪. জেলা সমবায় অফিসার,মানিকগঞ্জ নির্বাচন আপিল কর্তৃক।

৫. সমিতির নোটিশ বোর্ড।

.Karim

ল করিম
তি
ন পরিচালনা কমিটি
সেবা সঞ্চয় ও ঋণদান সমবায় সমিতি লিঃ।